# বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড

**WE SERVE THE DEFENDERS OF THE NATION**

**দেশরক্ষীদের সেবায় নিয়োজিত**

*www.basb.gov.bd*

## অবসরপ্রাপ্ত সশস্ত্র বাহিনীর সদস্য (অসবাস) ও তদ্বীয় পরিবারবর্গের জন্য প্রাপ্য সুযোগ-সুবিধাদি

১। **মেডিকেল ডিসপেনসারি হতে চিকিৎসা সুবিধা ও ঔষধ প্রদান**। চাকুরীরত ও অবসরপ্রাপ্ত সশস্ত্র বাহিনীর সদস্যগণ সিএমএইচে চিকিৎসা সেবা প্রাধিকৃত হলেও অবসরপ্রাপ্ত সদস্যদের মধ্যে উল্লেখযোগ্য সংখ্যক সদস্য সিএমএইচ হতে দূরবর্তী স্থানে অবস্থান করায় সিএমএইচ এর চিকিৎসা সুবিধা গ্রহণ করতে পারতেন না। এ সমস্যার নিরসনকল্পে ২০১২ সাল হতে সশস্ত্র বাহিনী বিভাগের উদ্যোগে বিভিন্ন সময়ে সমগ্র বাংলাদেশের বিভিন্ন জেলায় ৬১টি ডিসপেনসারি স্থাপনের মাধ্যমে চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। যে কোন অবসরপ্রাপ্ত সশস্ত্র বাহিনীর সদস্য ও তদ্বীয় স্ত্রী ও সন্তানাদি রেজিস্ট্রেশন করে এই সেবা গ্রহণ করতে পারেন। নিম্নে বিস্তারিত বিবরণ দেয়া হলোঃ

| ক্রমিক | বিবরণ | প্রাপ্যতা | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | অবসরপ্রাপ্ত সশস্ত্র বাহিনীর সদস্য (অসবাস) জেসিও/ অন্যান্য পদবী | সিএমএইচ হতে (অন্তঃবিভাগ ও বহির্বিভাগ) চিকিৎসা সেবা (সকল রোগ, রোগনির্ণয়, ঔষধ) | অন্তঃবিভাগ ও বহির্বিভাগ (সিএমএইচ প্রাধিকৃত। সকল রোগ ও ঔষধ প্রাপ্য) |
| | | সিএমএইচ এ রোগী দেখা ও সকল ঔষধ প্রদান (স্থানীয় ক্রয় সহ) করা হয়। | বহির্বিভাগ |
| | | বিএএসবি কর্তৃক পরিচালিত সকল মেডিকেল ডিসপেনসারি (সিএমএইচ সংলগ্ন ডিসপেনসারিসমূহ ব্যতীত) | বহির্বিভাগ |
| ২। | চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণকারী জেসিও/ আরগণের স্ত্রী(পূনঃ বিবাহের ক্ষেত্রে প্রযোজ্য নয়) ও সন্তানাদি (২৫ বৎসর পর্যন্ত) | সিএমএইচ হতে বিধবা স্ত্রী আজীবন এবং সন্তানাদি (২৫ বৎসর অথবা বিবাহের পূর্ব পর্যন্ত/কর্মসংস্থান যা আগে আসে) সিএমএইচ হতে বহির্বিভাগ ও অন্তঃবিভাগ সকল চিকিৎসা প্রাপ্য হবেন। একই ভাবে বিএএসবি কর্তৃক পরিচালিত মেডিকেল ডিসপেনসারি হতেও সকল সুবিধা প্রাপ্য হবেন। | অন্তঃবিভাগ ও বহির্বিভাগ (সিএমএইচ প্রাধিকৃত। সকল রোগ ও ঔষধ প্রাপ্য) |
| ৩। | অসবাসদের তদ্বীয় স্ত্রী ও সন্তান (১৮ বৎসর পর্যন্ত এবং চাকুরীরত অবস্থায় জন্মগ্রহনকৃত) | চাকুরীরত অবস্থায় জন্মগ্রহনকৃত সন্তানাদির চিকিৎসা সিএমএইচ/ সরকারী হাসপাতাল এর অন্তঃবিভাগ হতে সম্পন্ন করে বিল সেনা কল্যান সংস্হায় প্রেরণ করলে সেনা কল্যান সংস্হা ব্যয়ভার বহন করবে (রোগ সমূহঃ কিডনী, হৃদরোগ, ক্যান্সার, বহুমূত্র, পক্ষাঘাত, পারকিনসন ও জটিল অস্ত্রোপচার)। | অন্তঃবিভাগ (সিএমএইচ প্রাধিকৃত নয়। সেনা কল্যান সংস্থা হতে আন্তঃবিভাগ চিকিৎসা ব্যয় সংকুলান করা হয়) |

চলমান পাতা-২

| ক্রমিক | বিবরণ | প্রাপ্যতা | মন্তব্য |
|---|---|---|---|
| | | বিএএসবি পরিচালিত সকল ডিসপেনাসারিসমূহ হতে সকল অসবাসদের তদ্বীয় স্ত্রীদের সকল ধরনের রোগের চিকিৎসা (ডাক্তার স্থিত থাকা সাপেক্ষে) ও ঔষধ প্রদান করা হয়। অসামর্থবান অসবাস ও তদ্বীয় স্ত্রীদের ইনসুলিনও প্রদান করা হয়। | বহির্বিভাগ |
| ৪। | মুক্তিযোদ্ধার স্ত্রী | মুক্তিযোদ্ধার স্ত্রী আন্তঃবিভাগ চিকিৎসা সিএমএইচ হতে প্রাপ্য। বহির্বিভাগ চিকিৎসা ও ঔষধ সংশ্লিষ্ট বাহিনীত্রয় কর্তৃক প্রদান করা হবে। সংশ্লিষ্ট বাহিনীত্রয় ঔষধ সামগ্রীর ব্যয়ভার বহন করবে। | অন্তঃবিভাগ (সিএমএইচ) ও বহির্বিভাগ (স্ব স্ব বাহিনী কর্তৃক) |
| ৫। | প্রতিবন্ধী সন্তান | প্রতিবন্ধী সন্তান (যে কোন বয়সের) আজীবন চিকিৎসা সেবা প্রাপ্য হবেন। সেক্ষেত্রে ফরমেশন পর্যায়ে বোর্ডের সুপারিশ থাকা আবশ্যক। | অন্তঃবিভাগ ও বহির্বিভাগ (সিএমএইচ প্রাধিকৃত। সকল রোগ ও ঔষধ প্রাপ্য) |

**নোট** ঃ সেনা কল্যাণ সংস্থা কর্তৃক প্রদত্ত আন্তঃবিভাগে চিকিৎসার ক্ষেত্রে রোগসমূহঃ কিডনী, হৃদরোগ, ক্যান্সার, বহুমূত্র, পক্ষাঘাত, পারকিনসন ও জটিল অস্ত্রোপচার, Liver Cirrhosis, Thallasaemia, Ashma, HTN, Vertigo Rheumatic, Fever/ Rheumatic Arthritis, ক্যান্সার রোগের কেমোথেরাপীও রেডিওথেরাপী।

২। **চিকিৎসা বই প্রদান**। অবসর গ্রহণের পর নিজ/স্ত্রী/১৮ বছরের নীচে সন্তানদের মেডিকেল ডিসপেনসারি ও সিএমএইচ এ চিকিৎসা/ঔষধ গ্রহণের জন্য সর্বপ্রথম ডিএএসবি হতে চিকিৎসা বই সংগ্রহ করতে হয়। চিকিৎসা বই প্রাপ্তির জন্য নিম্নলিখিত নথিপত্র প্রয়োজনঃ

ক। চাকুরী অবসানের প্রত্যয়নপত্র (খালাসী বইয়ের মূলকপি)।

খ। জাতীয় পরিচয়পত্র (মূলকপি)।

গ। ছবি (অবসরপ্রপ্ত সদস্য/স্ত্রী/১৮ বছরের নীচে সন্তান)।

৩। বিএএসবির অধীনস্থ ডিএএসবি এবং মেডিকেল ডিসপেনসারিসমূহের নামীয় তালিকা নিম্নরুপঃ

| ক্রমিক | ডিএএসবি | নিয়োগ | মোবাইল নম্বর | ডিসপেনসারির নাম | ডিসপেনসারির নাম |
|---|---|---|---|---|---|
| ১। | ডিএএসবি, ঢাকা | সচিব | ০১৭৬৯-০১৮৯০৩ | মেডিঃ ডিসঃ মানিকগঞ্জ | ০১৭৬৯-০৫৯৮৩২ |
| | | আইও | ০১৭৬৯-০১১৯৭০ | মেডিঃ ডিসঃ নারায়নগঞ্জ | ০১৭৬৯-০৫৯৮৩৩ |
| | | | | মেডিঃ ডিসঃ ইসিবি চত্তর | ০১৭৬৯-০৫৮৯০১ |
| | | | | সিএমএইচ রাজেন্দ্রপুর | ০১৭৬৯-০৫৯৮৬১ |
| | | | | মেডিঃ ডিসঃ নরসিংদী | ০১৭৬৯-০৫৮৯০২ |
| | | | | মেডিঃ ডিসঃ মুন্সীগঞ্জ | ০১৭৬৯-০৫৮৯০৩ |



| ক্রমিক | ডিএএসবি | নিয়োগ | মোবাইল নম্বর | ডিসপেনসারির নাম | মোবাইল নম্বর |
|---|---|---|---|---|---|
| ২। | ডিএএসবি, চট্টগ্রাম | সচিব | ০১৭৬৯-২৪৮৯০৩ | মেডিঃ ডিসঃ চট্টগ্রাম | ০১৯৩৫-৩৫৭১৮৫ |
| | | আইও | ০১৭৬৯-০১১৯৭৯ | মেডিঃ ডিসঃ কক্সবাজার | ০১৭৬৯-০৫৮৯০৭ |
| ৩। | ডিএএসবি,কুমিল্লা | সচিব | ০১৭৬৯-৩৩৮৯০৩ | মেডিঃ ডিসঃ বি-বাড়িয়া | ০১৭৬৯-০৫৯৮৩৪ |
| | | আইও | ০১৭৬৯০১১৯৭৪ | মেডিঃ ডিসঃ চাঁদপুর | ০১৭৬৯-০৫৯৮৩৫ |
| | | | | সিএমএইচ কুমিল্লা | ০১৭৬৯-০৫৯৮৩৬ |
| ৪। | ডিএএসবি, নোয়াখালী | সচিব | ০১৭৬৯-৩৩৮৯০৪ | মেডিঃ ডিসঃ নোয়াখালী | ০১৭৬৯-০৫৯৮৩৭ |
| | | আইও | ০১৭৬৯০১১৯৯৬ | মেডিঃ ডিসঃ লক্ষীপুর | ০১৭৬৯-০৫৯৮৩৮ |
| | | | | মেডিঃ ডিসঃ ফেণী | ০১৭৬৯০৫৮৯০৮ |
| ৫। | ডিএএসবি,বরিশাল | সচিব | ০১৭৬৯০৭৮৯০৩ | ডিএএসবি,বরিশাল | ০১৭৬৯-০৫৯৮৩৯ |
| | | আইও | ০১৭৬৯০১১৯৬৬ | ডিএএসবি,ভোলা | ০১৭৬৯-০৫৯৮৪০ |
| | | | | ডিএএসবি,পিরোজপুর | ০১৭৬৯-০৫৮৯২৯ |
| | | | | ডিএএসবি,ঝালকাঠি | ০১৭৬৯-০৫৮৯২৮ |
| ৬। | ডিএএসবি,ফরিদপুর | সচিব | ০১৭৬৯৫৫৮৯০৪ | ডিএএসবি,ফরিদপুর | ০১৭৬৯০৫৯৮৪১ |
| | | আইও | ০১৭৬৯০১১৯৯৯ | ডিএএসবি,মাদারীপুর | ০১৭৬৯-০৫৯৮৪২ |
| | | | | ডিএএসবি,গোপালগঞ্জ | ০১৭৬৯-০৫৮৯০৬ |
| | | | | ডিএএসবি,রাজবাড়ী | ০১৭৬৯-০৫৮৯০৫ |
| | | | | ডিএএসবি,শরিয়তপুর | ০১৭৬৯-০৫৮৯০৪ |
| ৭। | ডিএএসবি, সিলেট | সচিব | ০১৭৬৯১৭৮৯০৩ | ডিএএসবি, সিলেট | ০১৭৬৯০৫৯৮৪৩ |
| | | আইও | ০১৭৬৯০১১৯৭৬ | ডিএএসবি, সুনামগঞ্জ | ০১৭৬৯০৫৯৮৪৪ |
| | | | | ডিএএসবি, হবিগঞ্জ | ০১৭৬৯০৫৮৯২২ |
| | | | | ডিএএসবি,মৌলভীবাজার | ০১৭৬৯০৫৮৯২৩ |
| ৮। | ডিএএসবি, যশোর | সচিব | ০১৭৬৯৫৫৮৯০৩ | ডিএএসবি, যশোর | ০১৭৬৯০৫৯৮৪৭ |
| | | আইও | ০১৭৬৯০১১৯৬৪ | ডিএএসবি, মাগুরা | ০১৭৬৯০৫৯৮৪৫ |
| | | | | ডিএএসবি, ঝিনাইদহ | ০১৭৬৯০৫৯৮৪৬ |
| | | | | ডিএএসবি, নড়াইল | ০১৭৬৯০৫৮৯১৩ |
| ৯। | ডিএএসবি, রাজশাহী | সচিব | ০১৭৬৯১৩৮৯০৩ | ডিএএসবি, নওগাঁ | ০১৭৬৯০৫৯৮৪৮ |
| | | আইও | ০১৭৬৯০১১৯৬১ | ডিএএসবি, রাজশাহী | ০১৭৬৯০৫৯৮৪৯ |
| | | | | ডিএএসবি, নাটোর | ০১৭৬৯০৫৮৯২৫ |
| | | | | ডিএএসবি, চাপাইনবাবগঞ্জ | ০১৭৬৯০৫৮৯২৬ |
| ১০। | ডিএএসবি, রংপুর | সচিব | ০১৭৬৯৬৬৮৯০৩ | ডিএএসবি, কুড়িগ্রাম | ০১৭৬৯০৫৯৮৫০ |
| | | আইও | ০১৭৬৯০১১৯৫৭ | ডিএএসবি, রংপুর | ০১৭৬৯০৫৯৮৫১ |
| | | | | ডিএএসবি, লালমনির হাট | ০১৭৬৯০৫৮৯১৪ |
| | | | | ডিএএসবি,নীলফায়ারী | ০১৭৬৯০৫৮৯১৬ |
| | | | | ডিএএসবি, গাইবান্ধা | ০১৭৬৯০৫৮৯১৫ |
| ১১। | টাংগাইল | সচিব | ০১৭৬৯১৯৮৯০৩ | ডিএএসবি, টাংগাইল | ০১৭৬৯০৫৯৮৫২ |
| | | আইও | ০১৭৬৯০১১৯৮৩ | | |
| ১২। | ডিএএসবি জামালপুর | সচিব | ০১৭৬৯২০৮৯০৪ | ডিএএসবি, জামালপুর | ০১৭৬৯০৫৯৮৫৩ |
| | | আইও | ০১৭৬৯০১১৯৮১ | ডিএএসবি, শেরপুর | ০১৭৬৯০৫৮৯২১ |
| ১৩। | ডিএএসবি পাবনা | সচিব | ০১৭৬৯১১৮৯০৪ | ডিএএসবি, পাবনা | ০১৭৬৯০৫৯৮৫৪ |
| | | আইও | ০১৭৬৯০১১৯৯০ | ডিএএসবি, সিরাজগঞ্জ | ০১৭৬৯০৫৮৯২৭ |
| ১৪। | ডিএএসবি দিনাজপুর | সচিব | ০১৭৬৯৬৭৮৯০৩ | ডিএএসবি, দিনাজপুর | ০১৭৬৯০৫৯৮৫৫ |
| | | আইও | ০১৭৬৯০১১৯৮৫ | ডিএএসবি, ঠাকুরগাঁও | ০১৭৬৯০৫৮৯১৭ |
| | | | | ডিএএসবি, পঞ্চগড় | ০১৭৬৯০৫৮৯১৮ |
| ১৫। | ডিএএসবি খুলনা | সচিব | ০১৭৬৯৫৬৮৯০৩ | ডিএএসবি, খুলনা | ০১৭৬৯০৫৯৮৫৬ |
| | | আইও | ০১৭৬৯০১১৭০৫ | ডিএএসবি, বাগেরহাট | ০১৭৬৯০৫৮৯১০ |
| | | | | ডিএএসবি, সাতক্ষীরা | ০১৭৬৯০৫৮৯০৯ |
| ১৬। | ডিএএসবি কুষ্টিয়া | সচিব | ০১৭৬৯১১৮৯০৫ | ডিএএসবি, কুষ্টিয়া | ০১৭৬৯০৫৯৮৫৭ |
| | | আইও | ০১৭৬৯০১১৯৯৩ | ডিএএসবি, চুয়াডাঙ্গা | ০১৭৬৯০৫৮৯১১ |
| | | | | ডিএএসবি,মেহেরপুর | ০১৭৬৯০৫৮৯১২ |
| ১৭। | ডিএএসবি পটুয়াখালী | সচিব | ০১৭৬৯০৭৮৯০৪ | ডিএএসবি, পটুয়াখালী | ০১৭৬৯০৫৯৮৫৮ |
| | | আইও | ০১৭৬৯০১১৭০২ | ডিএএসবি, বরগুনা | ০১৭৬৯০৫৮৯৩০ |
| ১৮। | ডিএএসবি ময়মনসিংহ | সচিব | ০১৭৬৯২০৮৯০৩ | ডিএএসবি, ময়মনসিংহ | ০১৭৬৯০৫৯৮৫৯ |
| | | আইও | ০১৭৬৯০১১৯৬৮ | ডিএএসবি, কিশোরগঞ্জ | ০১৭৬৯০৫৮৯২০ |
| | | | | ডিএএসবি, নেত্রকোনা | ০১৭৬৯০৫৮৯১৯ |
| ১৯। | ডিএএসবি বগুড়া | সচিব | ০১৭৬৯১১৮৯০৩ | ডিএএসবি, বগুড়া | ০১৭৬৯০৫৯৮৬০ |
| | | আইও | ০১৭৬৯০১১৯৫৯ | ডিএএসবি, জয়পুরহাট | ০১৭৬৯০৫৮৯২৪ |
| ২০। | ডিএএসবি, রাংগামাটি | সচিব | ০১৭৬৯৩১৮৯০৩ | | |
| | | আইও | ০১৭৬৯০১১৯৮৭ | | |

৪। **স্ত্রী/সন্তানের আংশিক/সম্পূর্ণ নাম ও জন্ম তারিখ সংশোধনের ব্যাপারে সহায়তা প্রদান**। অবসরপ্রাপ্ত সেনাসদস্যদের স্ত্রী/সন্তানের মূল নাম ঠিক রেখে আংশিক/সম্পূর্ণ নাম ও জন্ম তারিখ সংশোধন করা যায়। যা সংশ্লিষ্ট ডিএএসবিতে আবেদনের মাধ্যমে করা হয়ে থাকে।

(বিঃ দ্রঃ অবসরপ্রাপ্ত/মৃত সেনাসদস্যদের শীটরোলে যে কোন সংশোধন থাকলে তা আগামী ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট রেকর্ড হতে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সংশোধন করবে। উল্লেখ্য, ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখের পর সংশোধনের প্রয়োজন হলে আর্থিক জরিমানা প্রদান সাপেক্ষে সংশোধন কার্যক্রম চলমান থাকবে)

৫। **অবসরপ্রাপ্ত সেনাসদস্যের মৃত্যুর পর পারিবারিক পেনশন**। অবসরপ্রাপ্ত সেনা সদস্যের মৃত্যুর পর বৈধ স্ত্রী নিম্নের ১৫টি নথিপত্রসহ নিজ জেলার দায়িত্বপ্রাপ্ত ডিএএসবি অথবা সংশ্লিষ্ট রেকর্ডস এ পারিবারিক পেনশন এর আবেদনপত্র জমা দিতে পারবেনঃ

ক। সিএমএইচ/হাসপাতাল/রেজিষ্টার্ড ডাক্তার/ক্যান্টনমেন্ট বোর্ড/স্থানীয় সরকার প্রতিনিধি কর্তৃক প্রদত্ত মৃত্যু সনদপত্র।

খ। জেলা সশস্ত্র বাহিনী বোর্ড (ডিএএসবি) কর্তৃক সত্যায়িত মৃত সেনাসদস্যের এবং উত্তরাধিকারীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

গ। জেলা সশস্ত্র বাহিনী বোর্ড (ডিএএসবি) কর্তৃক সত্যায়িত চাকুরি অবসান প্রত্যয়নপত্র-১৯৬৪ এর ফটোকপি।

ঘ। স্থানীয় চেয়ারম্যান/সিটি কর্পোরেশন/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট সেনাসদস্যের স্ত্রী/স্বামীর পূনঃবিবাহ না হওয়ার সনদপত্র।

ঙ। জেলা সশস্ত্র বাহিনী বোর্ড (ডিএএসবি) কর্তৃক সত্যায়িত নিজ এবং শিশু ভাতার জন্য সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।

চ। ব্যাংক সনদপত্র - ব্যাংক কর্তৃক প্রদত্ত (MICR চেকবই পেতে বিলম্ব হলে ব্যাংক সনদপত্র দ্বারা পেনশনের আবেদন দাখিল করা যাবে তবে MICR চেকবই প্রাপ্তির পর চেকবইয়ের ফটোকপি সংশ্লিষ্ট রেকর্ডস এ জমা দিতে হবে)।

ছ। MICR চেকের পাতার ফটোকপি (পেনশন চালু হওয়ার তিন মাসের মধ্যে MICR চেকবইয়ের ফটোকপি সংশ্লিষ্ট রেকর্ডস এ জমা না দিলে পেনশন বন্ধ হয়ে যেতে পারে)।

জ। জেলা সশস্ত্র বাহিনী বোর্ড (ডিএএসবি) কর্তৃক সত্যায়িত সেনা কল্যাণ ভাতার আবেদন ফরম (সেনা কল্যাণ ভাতা সেনা কল্যাণ হতে প্রদান করা হয়)।

ঝ। সরকারী বাসায় বসবাস করলে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত না-দাবী সনদপত্র।

ঞ। পেনশনারের স্বামী/স্ত্রীর পুনঃবিবাহ বন্ধনে আবদ্ধ না হওয়ার অঙ্গীকারপত্র।

ট। স্থানীয় সিটি কর্পোরেশনের কাউন্সিলর/ পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত বৈধ উত্তরাধিকার সনদপত্র।

ঠ। প্রতিবন্ধী সনদপত্র (যার জন্য প্রযোজ্য)।

ড। সমাজসেবা অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত প্রতিবন্ধী সনদ।

ঢ। প্রতিবন্ধী সন্তানের আজীবন পেনশন প্রাপ্যতার ক্ষেত্রে সেনাসদস্যের চাকুরীকালীন/এলপিআর চলাকালীন সময়ে চিহ্নিত প্রতিবন্ধী সন্তানের ক্ষেত্রে সিএমএইচ



এর মেডিকেল বোর্ড হতে গৃহীত প্রতিবন্ধীতার সনদপত্র এবং অবসরের পর চিহ্নিত প্রতিবন্ধী সন্তানের ক্ষেত্রে সিভিল সার্জন কর্তৃক গঠিত মেডিকেল বোর্ডের নিকট হতে গৃহীত প্রতিবন্ধীতার সনদপত্র।

৬। **শিক্ষা বৃত্তি, উৎসাহমূলক বৃত্তি এবং সেবামূলক বৃত্তি**। সেনাকল্যাণ সংস্থা কর্তৃক নিজস্ব প্রশাসনিক নীতিমালা অনুযায়ী (Scheme of Administration) সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্য এবং তদ্বীয় নির্ভরশীল পোষ্যদের ভাল ফলাফল অর্জনে উৎসাহ ও অনুপ্রেরণা প্রদানের লক্ষ্যে মাধ্যমিক হতে স্নাতকোত্তর পর্যায় পর্যন্ত শিক্ষামূলক বৃত্তি প্রদান করা হয়। বৃত্তি প্রাপ্তির সকল তথ্যাদি বিএএসবি বুকলেট এ উল্লেখ রয়েছে যা নিকটস্থ ডিএএসবি হতে সংগ্রহ করা যাবে। এছাড়াও উক্ত তথ্যাদি বিএএসবির ওয়েবসাইটে রয়েছে। শিক্ষা বৃত্তির জন্য আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

| বৃত্তির পর্যায় | শ্রেণি | আবেদন জমা দেয়ার নির্ধারিত তারিখ |
|---|---|---|
| মাধ্যমিক (স্কুল, কারিগরি ও মাদ্রাসা) | ৬ষ্ঠ-১০ম | ০১ জানুয়ারি হতে ৩১ মার্চ |
| উচ্চ মাধ্যমিক (কারিগরি ও মাদ্রাসা) | একাদশ-দ্বাদশ | ০১ আগস্ট হতে ৩১ ডিসেম্বর |
| স্নাতক ও স্নাতকোত্তর | ১ম হতে ৫ম বর্ষ অথবা কোর্স অনুযায়ী | ০১ নভেম্বর হতে ৩০ জুন |

৭। **আর্থিক অনুদান-Bangladesh Serviceman Charitable Relief Fund (BSCR)**। অবসরপ্রাপ্ত দুঃস্থ/আর্থিকভাবে সংকটাপন্ন সদস্যগণ বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড এর মাধ্যমে পরিচালিত BSCR ফান্ড হতে আর্থিক সাহায্যের জন্য প্রতি তিন বছর অন্তর আবেদন করতে পারেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে BSCR কমিটি আবেদনপত্র যাচাই বাছাই পূর্বক প্রকৃত দুঃস্থ ও আর্থিকভাবে সংকটাপন্ন যে কোন অবসরপ্রাপ্ত সশস্ত্র বাহিনীর সদস্য ২০,০০০/- (এককালীন) টাকা আর্থিক অনুদান পেয়ে থাকেন। এছাড়াও এই ফান্ড হতে অবসরপ্রাপ্তদের সাবলম্বী করনার্থে ৫০,০০০/- টাকা হতে ১,০০,০০০/- টাকা পর্যন্ত ক্ষুদ্র ঋণ (সুদমুক্ত) প্রদান করা হয়। এ বিষয়ে নিকটস্থ ডিএএসবি হতে বিস্তারিত তথ্য পাওয়া যাবে। এতদবিষয়ে উক্ত তথ্যাদি বিএএসবির ওয়েবসাইটে রয়েছে।

৮। **বিদেশে গমন/প্রত্যাবর্তনের কারনে সময়োত্তীর্ণ পেনশন চালু করণ**। অবসরপ্রাপ্ত জেসিও/ওআরগণের বিদেশ গমন হেতু সময়োত্তীর্ণ অবসরভাতা পূনঃ মঞ্জুরীর জন্য বিদেশে চাকুরী গ্রহণের ক্ষেত্রে সকল পদবীর অবসরপ্রাপ্ত সামরিক ব্যক্তিকে সরকারের পূর্বানুমতি গ্রহণ করতে হবে। এখন হতে অবসরপ্রাপ্ত জেসিও/ওআরগণের বৈদেশিক চাকুরী গ্রহণ সংক্রান্ত সরকারী পূর্বানুমতির আবেদনপত্র সংশ্লিষ্ট রেকর্ড এর প্রস্তাবসহ সেনাসদর, কল্যাণ ও পূনর্বাসন পরিদপ্তরে প্রেরণ করবেন। সেনাসদর, কল্যাণ ও পূনর্বাসন পরিদপ্তর এতদসংক্রান্ত প্রস্তাব প্রতিরক্ষা মন্ত্রণালয়ে প্রেরণপূর্বক সরকারের পূর্বানুমতি গ্রহণ করতঃ বিষয়টি সংশ্লিষ্ট রেকর্ডে প্রেরণ করবেন।

৯। **বাংলাদেশ সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত জেসিও/ওআরদের বন্ধ অবসর ভাতা পুনরায় চালু করণ**। ১২ মাস পর্যন্ত অবসরপ্রাপ্ত জেসিও/ওআরগণ অবসর ভাতা গ্রহণ না

করলে/১১তম মাসের মধ্যে Life Verification না করলে উক্ত পেনশনারের নাম অবসর ভাতা প্রদানকারী প্রতিষ্ঠান হতে খারিজ হয়ে যায়। অবসরপ্রাপ্ত জেসিও/ওআরগণের পেনশন পূনঃ চালুর কার্যক্রম গ্রহণের নিমিত্তে প্রয়োজনীয় ৫টি নথি নিম্নরুপ। যা জমা সাপেক্ষে রেকর্ড কর্তৃক অবসর ভাতা চালু হবেঃ

ক। পেনশন উত্তোলন করতে না পারার যথাযথ কারণ উল্লেখপূর্বক মঞ্জুরকারী কর্তৃপক্ষ বরাবরে আবেদনপত্র।

খ। জীবিত থাকার সনদপত্র।

গ। সংশ্লিষ্ট ব্যাংক শাখা কর্তৃক সর্বশেষ পেনশন উত্তোলন সংক্রান্ত সনদ।

ঘ। কোন আইনী বা ফৌজদারী মামলায় দন্ডপ্রাপ্ত হননি মর্মে সংশ্লিষ্ট রেকর্ড অফিস/সশস্ত্র বাহিনী বোর্ড কর্তৃক প্রদত্ত সনদ।

ঙ। জাতীয়তা সনদ/জাতীয় পরিচয়পত্র।

**নোটঃ *** শুধুমাত্র অসুস্থতা জনিত কারণে পেনশন বন্ধ হলে উপরোক্ত নথিপত্রের সাথে অসুস্থতা জনিত ডাক্তারী সনদপত্র দাখিল করতে হবে।**

***** বর্তমানে iBAS++ কর্তৃক EFT এর মাধ্যমে পেনশন প্রদান করা হয় বিধায় পেনশনারগণকে ১১তম মাসে পেনশনার ভেরিফিকেশন এ্যাপের মাধ্যমে অথবা যে কোন সরকারী হিসাব রক্ষণ অফিস/এফসি পে-২/সিসিডিএফ অফিসে NID, EPPO এবং Registered Mobile Number সহ Life Verification প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। অন্যথায় ১২তম মাসে পেনশন স্থগিত হয়ে যাবে।**

**১০। <u>১৫ বছর পূর্তিতে পূনরায় পেনশন সুবিধা প্রদান</u>।** শতভাগ পেনশন সমর্পনকারী সশস্ত্র বাহিনীর পেনশনারগণের অবসরের ১৫ বছর পূর্তিতে পেনশন পূনঃস্থাপন সুবিধা সেনাবাহিনীর শতভাগ পেনশন কম্যুটকারীদের ক্ষেত্রে ডিসেম্বর ২০১৮ হতে কার্যকর হয়েছে। নিয়মিত পেনশনারের ন্যায় শতভাগ পেনশন সমর্পণকারী অবসর ভাতা ভোগীগনেরও নুন্যতম মাসিক পেনশন হবে ৩,০০০/- (তিন হাজার টাকা) টাকা এবং শতভাগ পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারীর ০১ জুলাই ২০১৭ তারিখে বা তার পরবর্তী সময়ে (প্রয়োজ্য ক্ষেত্রে) যে পেনশন নির্ধারিত হবে তার উপর প্রতিবছর ০১ জুলাই তারিখে ৫% হারে বার্ষিক ইনক্রিমেন্ট প্রাপ্য হবেন।

**১১। <u>আইনী সহায়তা প্রদান</u>।** অবসরপ্রাপ্ত সদস্যগণ কোন প্রকার হয়রানীর সম্মূখীন হলে ডিএএসবি কর্তৃক সংশ্লিষ্ট দপ্তর (যেমনঃ পুলিশ সুপার কার্যালয়, থানা, এসিল্যান্ড অফিস ইত্যাদি) এ অবসরপ্রাপ্ত সদস্যদের আবেদন সুপারিশসহকারে প্রেরণ করা হয়ে থাকে।

**১২। <u>বয়োজ্যেষ্ঠ ভাতা</u>।** সশস্ত্র বাহিনীর যে কোন প্রাক্তন সদস্য {অফিসার হতে এনসি(ই) পর্যন্ত} ৬৫ বছর বয়স পূর্তিতে সেনা কল্যাণ সংস্থা হতে বয়োজ্যেষ্ঠ ভাতা প্রাপ্ত হন। যে কোন বাংলাদেশী নাগরিক এমনকি প্রাক্তন বৃটিশ সৈনিকগণও এ ভাতা প্রাপ্ত হবেন। তবে চাকুরীচ্যূত, রিক্রুট অবস্থায় অব্যাহতিপ্রাপ্ত সদস্যগণ এ ভাতা প্রাপ্ত হবেন না। ভাতা প্রাপ্তির লক্ষ্যে আবেদনপত্র বিএএসবি ওয়েব সাইট/ডিএএসবি হতে সংগ্রহপূর্বক যথাযথভাবে পূরণ করতঃ সংশ্লিষ্ট রেকর্ডে প্রেরণ করতে হবে। রেকর্ড উক্ত আবেদনপত্র যাচাই বাছাইপূর্বক সেনা কল্যাণ সংস্থায় প্রেরণ করবে। সেনা কল্যাণ সংস্থা প্রতি আর্থিক বছরে (জুলাই হতে জুন পর্যন্ত)। নিম্নলিখিত হারে প্রাক্তন সদস্যের অনুকূলে বয়োজ্যেষ্ঠ ভাতা প্রদান করবেঃ



| ক্রমিক | পদবী | মাসিক হার | বাৎসরিক হার |
|---|---|---|---|
| ১। | অফিসার | ১,০০০/- | ১২,০০০/- |
| ২। | জেসিও | ৭০০/- | ৮,৪০০/- |
| ৩। | অন্যান্য পদবী | ৫০০/- | ৬,০০০/- |

**১৩। <u>সেনা কল্যাণ ভাতা</u>।** বাংলাদেশ সশস্ত্র বাহিনীর সদস্যের মৃত্যুতে (স্বাভাবিক মৃত্যু/শহীদ ইত্যাদি) বিধবা, বৈধ দুঃস্থ ও নিঃস্ব স্ত্রীগণ এই ভাতা প্রাপ্য হবেন যা বাংলাদেশ সরকার কর্তৃক প্রদত্ত বয়স্ক ভাতার অনুরুপ। বাহিনীত্রয় হতে চাকুরীচ্যূত হলে তদ্বীয় স্ত্রী এই ভাতা প্রাপ্য হবেন না। আবেদনপত্র ডিএএসবি, বিএএসবি এর ওয়েব সাইট বা সেনা কল্যাণ সংস্থা থেকে সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করতঃ বিএএসবি এর সুপারিশসহ সংশ্লিষ্ট রেকর্ডে প্রেরণ করা হলে রেকর্ড কর্তৃক যাচাই বাছাইপূর্বক সুপারিশ করে সেনা কল্যাণ সংস্থায় প্রেরণ করবে। সেনা কল্যাণ সংস্থা চূড়ান্তভাবে যাচাই বাছাই করে যোগ্য বিধবা স্ত্রীদের অনুকূলে জনপ্রতি ৯,০০০/- টাকা (বাৎসরিক) হারে সেনা কল্যাণ ভাতা প্রদান করবে। সেনা কল্যাণ ভাতা প্রাপ্তির লক্ষ্যে নিম্নবর্ণিত নথিপত্রাদি ০১ কপি করে পেরণ করতে হবেঃ

| | | | |
|---|---|---|---|
| ক। | সেনা কল্যাণ ভাতা ফরম | ঘ। | জাতীয় পরিচয়পত্রের ফটোকপি |
| খ। | পুনঃবিবাহ না হওয়ার সনদপত্র মূলকপি (চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত) | ঙ। | ছবি |
| গ। | নাগরিকত্ব/জাতীয়তা সনদপত্র মূলকপি মূলকপি (ব্যাংক কর্তৃক প্রদত্ত) | চ। | খালাসী বইয়ের ফটোকপি |

**১৪। <u>শান্তিনিবাস (Old Home)</u>।** সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্যগণ বিভিন্ন সামাজিক/ অর্থনৈতিক/ দূর্ঘটনাজনিত কারনে অনেক সদস্য বৃদ্ধাবস্থায় আশ্রয়হীন ছিন্নমূল ও অসহায় এবং মানবেতর জীবন যাপন করেন। এই সকল সদস্যদের আশ্রয়দানের নিমিত্তে রংপুরে ১০০ শয্যা বিশিষ্ট (সস্ত্রীক থাকার ব্যবস্থাসহ) শান্তিনিবাস প্রতিষ্ঠা করা হয়েছে। সশস্ত্র বাহিনীর যে কোন সদস্য বিনামূল্যে অথবা মাসিক খরচ পরিশোধ সাপেক্ষে শান্তিনিবাসে অবস্থান করতে পারেন। শান্তি নিবাসে অবস্থানের জন্য বিএএসবির মহাপরিচালক বরাবর আবেদন করতে হবে। নিম্নলিখিত ব্যক্তিবর্গকে অগ্রাধিকার ভিত্তিতে শান্তিনিবাসে অবস্থান করার সুযোগ প্রদান করা হবেঃ

ক। নিঃস্ব (সহায় সম্বলহীন)। খ। সন্তানহীন/ পরিবার কর্তৃক অবহেলিত/পরিত্যাক্ত
গ। শারীরিক/মানসিকভাবে অসমর্থ/ভারসাম্যহীন এবং ঘ। অন্যান্য।

**১৫। <u>দাফন/সৎকার</u>।** সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত এবং বীর মুক্তিযোদ্ধাদের মৃত্যুতে সামরিক/রাষ্ট্রীয় মর্যাদায় দাফন/সৎকার সম্পন্ন করা হয়। ১৫ বছরের অধিক সময় পূর্বে অবসরে গমনকারী সেনাসদস্যদের মৃত্যুতে দাফন/সৎকার সংশ্লিষ্ট ফরমেশন/এরিয়া কমান্ডারগণ সিদ্ধান্ত গ্রহণ করেন। অবাঞ্চিত, বিতর্কিত এবং শৃঙ্খলা জনিত কারনে চাকুরী হতে অব্যাহতি প্রাপ্ত সশস্ত্র বাহিনীর সদস্যদের মৃত্যুতে সাধারণভাবে দাফন/সৎকার সম্পন্ন করা হয় না। তবে তাদের মৃত্যুতে দাফন/সৎকার সংক্রান্ত ব্যয়ভার সংকুলানের নিমিত্তে আর্থিক অনুদান সংশ্লিষ্ট এরিয়া/স্টেশন কর্তৃক নিকটাত্মীয়ের কাছে ২০,০০০.০০ টাকা হস্তান্তর করা হয়। এ প্রেক্ষিতে সশস্ত্র বাহিনীর সদস্যের মৃত্যুর সাথে সাথে নিকটাত্মীয় কর্তৃক নিকটস্থ ডিএএসবিতে অবহিত করতে হবে।